

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৫৮

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৩

আগামী শিক্ষাবর্ষ থেকে রাজ্যে ২০টি বিদ্যালয়ে ককবরক ভাষা

রাজ্যের নতুন ২০টি বিদ্যালয়ে আগামী শিক্ষাবর্ষ থেকে ককবরক ভাষাকে একটি বিষয় হিসেবে চালু করার অনুমোদন দেওয়া হয়েছে। এরমধ্যে পশ্চিম ত্রিপুরা, সিপাহীজলা, খোয়াই ও গোমতী জেলায় ৩টি করে বিদ্যালয় এবং দক্ষিণ ত্রিপুরা, উনকোটি, উত্তর ত্রিপুরা ও ধলাই জেলায় ২টি করে বিদ্যালয় রয়েছে। শিক্ষা দপ্তরের উদ্যোগে এই নতুন ২০টি বিদ্যালয়ে আগামী ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে ককবরক ভাষা একটি বিষয় হিসেবে পড়ানো হবে। ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের অধিকর্তা দশরথ দেববর্মা এই সংবাদ জানান।
